**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 14-05-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**BRICS Foreign Ministers’ meet today:**

নয়াদিল্লিতে আজ থেকে ব্রিকসভূক্ত দেশগুলোর বিদেশ মন্ত্রীদের দুই দিনব্যাপী বৈঠক শুরু হচ্ছে। এই বৈঠকে সভাপতিত্ব করবেন ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। বৈঠকে ব্রিকস সদস্য ও অংশীদার দেশগুলোর বিদেশমন্ত্রী এবং প্রতিনিধিদলের প্রধানরা অংশগ্রহণ করবেন। তাঁরা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গেও সাক্ষাৎ করবেন। বৈঠক চলাকালীন, ব্রিকস সদস্য দেশগুলোর বিদেশমন্ত্রীরা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আন্তর্জাতিক ও আঞ্চলিক বিষয় নিয়ে মতবিনিময় করবেন। দ্বিতীয় দিনে, ব্রিকস সদস্য ও অংশীদার দেশগুলো “BRICS@20: Building for Resilience, Innovation, Cooperation and Sustainability” শীর্ষক একটি অধিবেশনে অংশগ্রহণ করবেন। এর পরে “Reforms of Global Governance and Multilateral System” শীর্ষক একটি অধিবেশন অনুষ্ঠিত হবে। উল্লেখ্য, ২০২৫ এর ২৬শে সেপ্টেম্বর জাতিসংঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনের (ইউএনজিএ ৮০) পার্শ্ব বৈঠকে ব্রিকস বিদেশমন্ত্রীরা তাদের সর্বশেষ বৈঠক করেন।

************************

**PM Modi to visit Abu Dhabi :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আবুধাবি সফর করবেন। এই মাসের শুক্রবার থেকে ২০ তারিখের মধ্যে তিনি সংযুক্ত আরব আমির শাহী নেদারল্যান্ডস, সুইডেন, নরওয়ে এবং ইতালি সফর করবেন, যা তাঁর পাঁচ-দেশ সফরের প্রথম গন্তব্য। পররাষ্ট্র মন্ত্রকের পশ্চিম এশিয়া সংক্রান্ত সচিব সিবি জর্জ

জানিয়েছেন, তাঁর পাঁচ-দেশ সফরের প্রথম পর্বে শ্রী মোদী সংযুক্ত আরব আমির শাহী  রাষ্ট্রপতি শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের সঙ্গে সাক্ষাৎ করবেন। তিনি বলেন, দুই নেতা দ্বিপাক্ষিক বিষয়, বিশেষ করে জ্বালানি সহযোগিতা, এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় নিয়ে মতবিনিময় করবেন।বিগত পাঁচ মাসের মধ্যে শ্রী মোদী এবং সংযুক্ত আরব আমির শাহী  রাষ্ট্রপতি শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের মধ্যে এটি হবে দ্বিতীয় মুখোমুখি বৈঠক।

****************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের স্বাস্থ্য পরিষেবার মানোন্নয়নে এবং এর পরিধি বৃদ্ধির ক্ষেত্রে রাজ্য সরকার বিশেষ গুরুত্ব দিয়েছে। এরফলে রাজ্য থেকে রেফারেল রোগীর সংখ্যা ৮০ শতাংশ হ্রাস পেয়েছে। গতকাল রবীন্দ্র শতবার্ষিকী ভবনে স্বাস্থ্য দপ্তর আয়োজিত আন্তর্জাতিক সেবিকা দিবস উদযাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী সেবিকা ফ্লোরেন্স নাইটিঙ্গেলের জীবনের সেবামূলক কাজ স্মরণ করে বলেন, তিনি ছিলেন একজন প্রকৃত মানবদরদী। সেবার মধ্য দিয়ে মানুষকে ভালোবাসার এক উজ্জ্বল দৃষ্টান্ত তিনি রেখে গেছেন।

*******************

**Union Cabinet :**

অর্থনৈতিক বিষয় সংক্রান্ত কেন্দ্রীয় মন্ত্রিসভা কমিটি (সিসিইএ) ২০২৬-২৭ বিপণন মরশুমের জন্য ১৪টি খরিফ ফসলের ন্যূনতম সহায়ক মূল্য (এমএসপি) বৃদ্ধির অনুমোদন দিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকের পর সংবাদমাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে কেন্দ্রীয় তথ্য ও

সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, কৃষকরা যাতে তাদের উৎপাদিত ফসলের লাভজনক মূল্য পান, তা নিশ্চিত করতে সরকার খরিফ ফসলের এমএসপি বাড়িয়েছে। তিনি বলেন, এই খরিফ মরশুমে কৃষকদের আনুমানিক প্রাপ্তি হবে দুই লক্ষ ৬০ হাজার কোটি টাকা। শ্রী বৈষ্ণব বলেন, সূর্যমুখী বীজের জন্য প্রতি কুইন্টাল এমএসপিতে সর্বোচ্চ ৬২২ টাকা বৃদ্ধির সুপারিশ করা হয়েছে, এরপর তুলার জন্য প্রতি কুইন্টাল ৫৫৭ টাকা এবং তিলের জন্য প্রতি কুইন্টাল ৫০০ টাকা বৃদ্ধির সুপারিশ করা হয়েছে। তিনি বলেন, 'এ' গ্রেড ধানের ন্যূনতম সহায়ক মূল্য (এমএসপি) হবে কুইন্টাল প্রতি ২ হাজার ৪৬১ টাকা, জোয়ার হাইব্রিডের জন্য হবে কুইন্টাল প্রতি ৪ হাজার ২৩ টাকা, বাজরার জন্য হবে ২ হাজার ৯০০ টাকা এবং অড়হর ডালের জন্য হবে কুইন্টাল প্রতি ৮ হাজার ৪৫০ টাকা।

*******************

**BJP-Press Meet :**

পন্ডিত দীনদয়াল উপাধ্যায় প্রশিক্ষণ মহাঅভিযানের অঙ্গ হিসেবে আজ থেকে মন্ডল প্রশিক্ষণ পর্ব শুরু হবে। গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে প্রদেশ বিজেপি মুখপাত্র সুব্রত চক্রবর্তী এখবর জানিয়েছেন। তিনি জানান, আজ আগরতলার নাগেরজলায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা এই কর্মসূচির উদ্বোধন করবেন।

*********************

**Sepahijala-Administrative Camp :**

চড়িলাম ব্লকের অধীন সুতারমুড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে সিপাহীজলা জেলাভিত্তিক প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসন আয়োজিত গতকালের এই প্রশাসনিক শিবিরে সুতারমুড়া, বংশীবাড়ি, রামনগর সহ আশপাশের বেশ কয়েকটি গ্রামীণ জনপদের মানুষ তাদের প্রয়োজনীয়

প্রশাসনিক পরিষেবা গ্রহণ করেন। হাতের কাছে প্রশানিক পরিষেবা পেয়ে খুশি এলাকার লোকজন। প্রশাসনিক শিবিরে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সির্দ্ধাথ শিব জয়সওয়াল।

********************

## Government Raises Import Duty on Gold :

সোনা এবং অন্যান্য মূল্যবান ধাতুর ওপর আমদানি শুল্ক বাড়িয়েছে কেন্দ্রীয় সরকার। এই বর্ধিত শুল্ক গতকাল থেকেই কার্যকর হয়েছে। অর্থ মন্ত্রক জানিয়েছে, সোনা ও রুপার কাঁচামালের ওপর ৫ শতাংশ এবং প্ল্যাটিনামের কাঁচামালের ওপর ৫.৪ শতাংশ শুল্ক আরোপ করা হবে। এছাড়াও, নির্দিষ্ট শর্তাবলী পূরণ সাপেক্ষে মূল্যবান ধাতুর ব্যবহৃত অনুঘটকের ওপর ৪.৩৫ শতাংশ শুল্ক নির্ধারণ করা হয়েছে। এর আগে, চলমান পশ্চিম এশীয় সংকটের মধ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নাগরিকদের সোনা কেনা থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছিলেন।

********************

## Oath Taking :

ধর্মনগর বিধানসভা কেন্দ্র থেকে সদ্য সমাপ্ত উপনির্বাচনে বিজয়ী বিজেপি-র জহর চক্রবর্তী গতকাল রাজ্য বিধানসভার সদস্য হিসাবে শপথ গ্রহন করেছেন। বিধানসভার লবিতে এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে অধ্যক্ষ রামপদ জমাতিয়া শ্রী চক্রবর্তীকে শপথবাক্য পাঠ করান। শপথগ্রহন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সহ বিধানসভার অন্যান্য সদস্যগন।

*********************

## Knockout Cricket :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতায় কসমোপলিটন ক্লাব ও স্ফুলিঙ্গ ক্লাব সেমিফাইনালে উঠেছে। গতকাল আসরের শেষ দুটি কোয়ার্টার ফাইনাল অনুষ্ঠিত হয়। এম বি বি স্টেডিয়ামে স্ফুলিঙ্গ ক্লাব ৭ উইকেটে হার্ভে ক্লাবকে এবং নরসিংগড়ের পি টি এ মাঠে কসমোপলিটন ক্লাব ৬ রানে বনমালিপুর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে। আগামীকাল দুটি সেমিফাইনাল খেলা হবে।

*******************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় ঊনকোটি ও উত্তর জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া অন্যান্য জেলায় বজ্রবিদ্যুৎ এবং ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে| আজ আকাশ প্রধানত মেঘলা থাকবে৷ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৪ ডিগ্রি সেলসিয়াস। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত পরিমাপ যোগ্য বৃষ্টিপাতের পরিমান ৭.১  মিলিমিটার।

*********************

*************